

## নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

নং-নিকস/নি-১/ছসভোতা (আইডি)-১/২০০৯/১২৭

তারিখঃ ২৮ জানুয়ারি ২০০৯

বিষয়ঃ সেবা প্রদান সংক্রান্ত বিভিন্ন কাজে জাতীয় পরিচয়পত্র বাধ্যতামূলক না করা প্রসংগে

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় পরিচয় নিবন্ধন কর্তৃপক্ষ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সালের ১৮নং অধ্যাদেশ) এর ধারা ১৩ এর উপধারা (১) ও (২) অনুযায়ী সরকার কর্তৃক গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বিভিন্ন সেবা গ্রহণের ক্ষেত্রে পরিচয় বা সনাক্তকরণ ইত্যাদির জন্য জাতীয় পরিচয়পত্র প্রদর্শন বা অনুলিপি দাখিলের ব্যবস্থা চালু করার বিধান রয়েছে। একই ধারার উপ-ধারা (৩) অনুসারে সকল নাগরিকের জাতীয় পরিচয়পত্র প্রদান কার্যক্রম সম্পন্ন না হওয়া পর্যন্ত কোন প্রজ্ঞাপন জারী করা যাবে না মর্মে উল্লেখ করা হয়েছে। অর্থাৎ সকল নাগরিককে জাতীয় পরিচয়পত্র প্রদান না করা পর্যন্ত বিভিন্ন সংস্থা বা দপ্তর কর্তৃক সেবা প্রদান অথবা এ সংক্রান্ত কোন কাজে অথবা অন্য যে কোন কাজে জাতীয় পরিচয়পত্র প্রদর্শন বা অনুলিপি দাখিল বাধ্যতামূলক করা যাবে না।

২। দেশব্যাপী ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের সময় ভোটার তালিকায় অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গের জাতীয় পরিচয়পত্র প্রস্তুত ও প্রদানের ব্যবস্থা করা হয়েছে। ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সকল ভোটারের জাতীয় পরিচয়পত্র প্রস্তুত করা হলেও ঢাকা সিটি কর্পোরেশনসহ দেশের বিভিন্ন এলাকায় কিছু সংখ্যক ভোটারের জাতীয় পরিচয়পত্র বিতরণ এখনও সম্পন্ন হয়নি। ইতোমধ্যে বিভিন্ন মাধ্যমে জানা গেছে যে, অধিকাংশ ব্যাংকে নতুন হিসাব খোলা বা ঋণ বিতরণ ইত্যাদি কাজে কোন বিকল্প ব্যবস্থা না রেখেই জাতীয় পরিচয়পত্র প্রদর্শন বা এর অনুলিপি দাখিলের শর্তারোপ করা হচ্ছে। তাছাড়া পাসপোর্ট অধিদপ্তর, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষসহ বিভিন্ন সংস্থা সেবা প্রদানের ক্ষেত্রেও বিকল্প ব্যবস্থা ছাড়াই জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সংযোজন বাধ্যতামূলক করা হয়েছে।

৩। যেহেতু এখন পর্যন্ত সকল নাগরিককে জাতীয় পরিচয়পত্র প্রদান করা সম্ভব হয়নি এবং সরকার কর্তৃক গেজেট প্রজ্ঞাপন দ্বারা সেবা প্রদান বা অনুরূপ কোন কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে পরিচয়পত্র প্রদর্শন বাধ্যতামূলক করা হয়নি সেহেতু উক্তরূপ কাজে জাতীয় পরিচয়পত্র প্রদর্শন বা দাখিলের শর্তারোপ করা সমীচীন নয়।

৪। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে ব্যাংকে হিসাব খোলা বা পরিচালনা করা বা ঋণ গ্রহণ অথবা বিভিন্ন সংস্থা/দপ্তরের সেবা প্রদান বা এ সংক্রান্ত কোন কাজে জাতীয় পরিচয়পত্র প্রদর্শন বা এর অনুলিপি দাখিলের বিষয়টি এতদসংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি না হওয়া পর্যন্ত বাধ্যতামূলক না করার জন্য নির্দেশনা প্রদানের অনুরোধ করা হল।

সচিব

২৮-০১-২০০৯

(মিহির সারওয়ার মোর্শেদ)

উপ-সচিব(নির্বাচন)

ফোনঃ ৮১১৬৩৭৭

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
- ৩। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বংগভবন, ঢাকা
- ৪। সচিব, স্বরাষ্ট্র/অর্থ/গৃহায়ণ ও গণপূর্ত/আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, ঢাকা
- ৫। সচিব, ..... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
- ৬। চেয়ারম্যান/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান প্রকৌশলী ..... (সংশ্লিষ্ট)

সচিব

৩১/১/০৯

নং-নিকস/নি-১/ছসভোতা (আইডি)-১/২০০৯/১২৭

তারিখঃ ২৮ জানুয়ারি ২০০৯

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
- ২। সামরিক সচিব, সেনা সদর, ঢাকা
- ৩। প্রকল্প পরিচালক, ছবিসহ ভোটার তালিকা প্রণয়ন ও জাতীয় পরিচয়পত্র প্রদানে সহায়তা প্রদান প্রকল্প
- ৪। প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়কে সদয় অবগত করার জন্য)
- ৫। নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (নির্বাচন কমিশনার মহোদয়গণকে সদয় অবগত করার জন্য)
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়কে সদয় অবগত করার জন্য)



(ফরহাদ আহাম্মদ খান)  
সিনিয়র সহকারী সচিব(নি-১)

ফোনঃ ৮১২৩৬৬০

